

# জগন্নাথ বিশ্ববিদ্যালয় বার্তা

৫৩ তম সংখ্যা | বিশেষ সংখ্যা | ডিসেম্বর, ২০২৩ থেকে মার্চ, ২০২৪


## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ষষ্ঠ উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি



অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি

প্রখ্যাত সমাজবিজ্ঞানী অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ষষ্ঠ উপাচার্য। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের এই কৃতী অধ্যাপক ৩০ নভেম্বর ২০২৩ তারিখে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে যোগদান করেন। প্রথম নারী উপাচার্য হিসেবে তাঁর যোগদান জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের উজ্জ্বল অধ্যায়। ইতঃপূর্বে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন এবং একই বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের নির্বাচিত প্রথম নারী ডিন হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন সোশ্যাল সায়েন্সের পরিচালক (২০১৫-২০১৯) ছিলেন। অধিকন্তু, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্বাচিত সিন্ডিকেট সদস্য (২০০৪-২০০৯) এবং একাধিকবার সিনেট সদস্য ও শিক্ষক সমিতির সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। উপাচার্য হিসেবে দায়িত্ব পালনের পাশাপাশি তিনি কুমিল্লা বিশ্ববিদ্যালয় এবং ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটির সিন্ডিকেট সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান বিষয়ে বিশেষজ্ঞ সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন।

তাঁর বৈদগ্ধ্য, নিষ্ঠা ও দায়িত্বশীলতা তাঁকে একাডেমিক উৎকর্ষের পাশাপাশি প্রশাসক হিসেবেও প্রতিষ্ঠিত করেছে। তাঁর প্রশাসনিক কাজে দক্ষতা ও উৎকর্ষের নেপথ্যে প্রজ্ঞা ও শ্রমশীলতার পাশাপাশি তাঁর পিতা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক সফল উপাচার্য অধ্যাপক ড. ফজলুল হালিম চৌধুরীর জীবনবোধের প্রভাব ও নিবিড় সান্নিধ্য ভূমিকা রেখেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থী এবং পরবর্তী সময়ে শিক্ষক অধ্যাপক সাদেকা হালিম কমনওয়েলথ স্কলার হিসেবে কানাডার ম্যাকগিল বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯১ সালে দ্বিতীয় স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। একই বিশ্ববিদ্যালয় থেকে তিনি ২০০০ সালে বাংলাদেশে নারী সামাজিক বনায়ন বিষয়ে গুরুত্বপূর্ণ গবেষণা করে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। কমনওয়েলথ স্টাফ ফেলোশিপ নিয়ে যুক্তরাজ্যের বাথ ইউনিভার্সিটি থেকে তিনি পোস্ট ডক্টরাল গবেষণা সম্পন্ন করেন, যা তার জ্ঞানাভিজ্ঞতার আরও একটি সাফল্যের স্মারক। তিনি অস্ট্রেলিয়ার বোকু (BOKU), ইউনিভার্সিটি অব এগ্রিকালচার এন্ড সায়েন্সেস এবং ভিয়েনার ইনস্টিটিউট অব ফরেস্ট সেক্টর পলিসির সম্মানিত ভিজিটিং প্রফেসর। এছাড়াও, তিনি আয়ারল্যান্ডের বেলফাস্টের কুইন্স ইউনিভার্সিটিতে ফেলো হিসেবে গবেষণা করেছেন।

জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন গুরুত্বপূর্ণ সায়েন্টিফিক ইনডেক্স জার্নালে তাঁর ষাটের অধিক গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ গ্রন্থের কো-অথর হিসেবে তাঁর ভূমিকা প্রশংসনীয়। অন্তত চল্লিশটি আন্তর্জাতিক সম্মেলনে তাঁর বিভিন্ন গবেষণার ফলাফল উপস্থাপিত হয়েছে, যা গবেষক হিসেবে তাঁকে অনন্য মর্যাদা দিয়েছে। ২০১৭ সালে অ্যাকাডেমিক অবদানের স্বীকৃতি-স্বরূপ তিনি 'অনন্যা শীর্ষ দশ (শিক্ষা)' পুরস্কারে ভূষিত হয়েছিলেন। তাছাড়া, সমাজের অগ্রগতিতে নারীর অবদানের স্বীকৃতি হিসেবে 'স্বপ্নজয়ী নারী সম্মাননা ২০২৪' অর্জন করেন। একুশে বইমেলা ২০২৪-এ ইউনিভার্সিটি প্রেস লিমিটেড থেকে প্রকাশিত তাঁর দুই সহকর্মীসহ সম্পাদিত 'SOCIETY AND SOCIOLOGY IN BANGLADESH: A SOUTH ASIAN PERSPECTIVE' গ্রন্থটি সমাজবিজ্ঞানের গুরুত্বপূর্ণ আকর-নির্বিশেষে অবশ্য পাঠ্য।

অ্যাকাডেমিক পরিসরে গুরুত্বপূর্ণ এই অধ্যাপক তাঁর প্রবল দায়িত্বশীলতা ও বিচক্ষণতা দিয়ে সরকারি বিভিন্ন নীতি নির্ধারণী সংস্থায় সদস্য হিসেবে সফলভাবে কাজ করেছেন। বিশিষ্ট শিক্ষাবিদ হিসেবে বাংলাদেশের জাতীয় শিক্ষানীতি কমিটি ২০০৯ এর সদস্য ছিলেন। বাংলাদেশের প্রথম নারী তথ্য কমিশনার হিসেবে ২০০৯ থেকে ২০১৪ সাল পর্যন্ত দায়িত্ব পালনকালে তিনি গঠনমূলক ও কার্যকর ভূমিকা রাখেন। তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবন ও দর্শনের শতবার্ষিক উদযাপন বাস্তবায়ন কমিটির সদস্য হিসেবে বিশেষ ভূমিকা রাখেন। বর্তমানে তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসেবে ইউজিসি'র প্রথম খণ্ডকালীন সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন।

অধ্যাপক সাদেকা হালিম জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার মানব উন্নয়ন কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছেন। তিনি বাংলাদেশের পদ্মাসেতু রেলসংযোগ প্রকল্পে জেন্ডার অ্যাডভাইজার হিসেবে সংযুক্ত ছিলেন। এছাড়া ডিএফআইডি, ইউএনডিপি, অক্সফাম (কানাডা), অক্সফাম জিবি, নোরাড, ইফাদ, এসডিসি, সেভ দ্য চিলড্রেন ইউকে, সেভ দ্য চিলড্রেন সুইডেন ও ডেনমার্ক, ইউএসআইডি ও এসকাপের পরামর্শক ও গবেষক হিসেবে নিয়োজিত ছিলেন। তিনি ইউএনডিপি, জিওবি, এফএও এবং বিশ্বব্যাংকের লিঙ্গ মূলধারার নীতি বিষয়ক গবেষণাকর্ম পরিচালনা করেন। অধিকন্ত ইউএনডিপি, জিইডি এবং পরিকল্পনা কমিশনের উদ্যোগে এমডিজি-৩ এর চাহিদা নিরূপণ ও ব্যয় নির্ধারণ বিষয়ে জেন্ডার বিশেষজ্ঞ হিসেবে কাজ করেছেন।

জনমানুষের অধিকার বিষয়ে বিশেষভাবে সচেতন সমাজ বিজ্ঞানী অধ্যাপক সাদেকা হালিম। জেন্ডার, ফরেস্ট্রি অ্যান্ড ডেভেলপমেন্ট, সোসিওলজি অব মাইনোরিটিজ, এথনিসিটি, আরটিআই এবং গুড গভর্নেন্স তাঁর গবেষণার বিষয়। বিশেষ চাহিদাসম্পন্ন সংখ্যালঘু, ক্ষুদ্র নৃগোষ্ঠী, নির্বিশেষে নারী ও শিশুর অধিকার প্রতিষ্ঠায় তাঁর নামটির মহিমা অনস্বীকার্য। ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিশেষ চাহিদাসম্পন্ন ও তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীদের ভর্তির পদ্ধতি নির্ধারণে তিনি যুগান্তকারী ভূমিকা রাখেন। বাংলাদেশের শীর্ষস্থানীয় বুদ্ধিজীবী, রাজনীতিজ্ঞ ও সমাজচিন্তক হিসেবে অধ্যাপক সাদেকা হালিম নিয়মিত ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বিষয়ানুগ নির্দেশনা ও প্রাজ্ঞ মতামত করে চলেছেন। দেশের সামাজিক ও সাংস্কৃতিক অগ্রগতিতে তাঁর চিন্তা ও কর্ম আমাদের অনুপ্রেরণার উৎস।

## 'মুক্তিযুদ্ধ ও বিজয় গাঁথা' শীর্ষক আর্ট প্রদর্শনীর উদ্বোধন

মহান বিজয় দিবস ২০২৩ উপলক্ষে ১৯ ডিসেম্বর চারুকলা বিভাগের আয়োজনে একাডেমিক ভবনের নিচতলায় 'মুক্তিযুদ্ধ ও বিজয় গাঁথা' শীর্ষক আর্ট প্রদর্শনীর উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।



'মুক্তিযুদ্ধ ও বিজয় গাঁথা' শীর্ষক আর্ট প্রদর্শনীর উদ্বোধন করছেন উপাচার্য

চারুকলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মোহাঃ আলপ্তগীনরে সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম। এসময় মুক্তিযুদ্ধ যাদুঘরের প্রতিষ্ঠাতা ট্রাস্টি জনাব মফিদুল হক উপস্থিত ছিলেন।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম-কে ১৩ মার্চ উপাচার্য মহোদয়ের আদেশক্রমে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত একই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) পদে দায়িত্ব প্রদান করা হয়।

অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম ২০০২ সালে



অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম

ভারতের পুনে ইউনিভার্সিটি থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি ১৯৮৮ সালে কুষ্টিয়ার ইসলামিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা জীবনের শুরু করেন। পরবর্তীতে তিনি ২০১৩ সালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক পদে যোগদান করেন।

তিনি জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ইসলামিক বিশ্ববিদ্যালয় ও বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে (জগন্নাথ বিশ্ববিদ্যালয়, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের) সিন্ডিকেট সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি আইসিবি সিকিউরটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেডের পরিচালক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচিত সাবেক সভাপতি, বাংলাদেশ অর্থনীতি সমিতির নির্বাচিত সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পঞ্চম কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী-কে ৫ ডিসেম্বর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ৪ (চার) বছরের জন্য কোষাধ্যক্ষ পদে নিয়োগ প্রদান করেছেন। তিনি ৫ ডিসেম্বর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পঞ্চম কোষাধ্যক্ষ হিসেবে যোগদান করেন।



অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী

অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী যশোর বোর্ড থেকে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পাশ করেন। পরবর্তীতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগ থেকে স্নাতক এবং স্নাতকোত্তর সম্পন্ন করেন। ১৯৯২ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগে প্রভাষক হিসেবে শিক্ষকতা শুরু করেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১৯৯৫ সালে সহকারী অধ্যাপক ও ২০০২ সালে সহযোগী অধ্যাপক হিসেবে অধ্যাপনা করেন। জাপান সরকারের মনবুশো বৃত্তি নিয়ে ইউকোহামা ন্যাশনাল ইউনিভার্সিটি থেকে ১৯৯৯ সালে এমবিএ ও ২০০২ সালে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। পরবর্তীকালে ২০০৪ সালে জাপানের ইউকোহামা ন্যাশনাল ইউনিভার্সিটিতে জেএসপিএস ভিজিটিং গবেষক হিসেবে দায়িত্ব পালন করেন।

অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০১৭ সালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের চেয়ারম্যান, ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের বিজনেস এডমিনেস্ট্রেশন অনুষদের ডিন ও বিভাগের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনে দুই মেয়াদে পরিচালক পদে নিয়োজিত ছিলেন।

## গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

২২ ডিসেম্বর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম এর নেতৃত্বে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।



গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে উপাচার্যের নেতৃত্বে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবার নিয়ে উপাচার্য মহোদয় সমাধির পাশে এক মিনিট নিরবতা পালন করেন এবং বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শহিদ সদস্যদের আত্মার শান্তি কামনা করে দোয়া করেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান, প্রভোস্ট, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, প্রক্টর, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

# উপাচার্য এবং কোষাধ্যক্ষ-এর সাথে বিশিষ্ট ব্যক্তিবর্গের শুভেচ্ছা বিনিময়

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী এর সাথে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ সৌজন্য সাক্ষাৎ এবং শুভেচ্ছা বিনিময় করেন।



বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ কামরুল আলম খান (২ ডিসেম্বর)



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার (১২ ডিসেম্বর)



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল (৩ জানুয়ারি)



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর এর উপাচার্য অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন (১৯ ডিসেম্বর)



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর এর কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মজিব উদ্দিন আহমদ (১৮ ডিসেম্বর)



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এবং উপ-উপাচার্য (একাডেমিক) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন (১৭ জানুয়ারি)



বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল্স এর উপ-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন (২৪ জানুয়ারি)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা কমিশনের সদস্য (সচিব) ড. মোঃ কাউসার আহাম্মদ (১৮ ফেব্রুয়ারি)



কলকাতার অ্যাডামাস ইউনিভার্সিটির উপ-উপাচার্য ড. আর. টি. গোস্বামী (৩ মার্চ)



সিরাজগঞ্জ ১ আসনের মাননীয় সংসদ সদস্য তানভীর শাকিল জয় এবং ঢাকা বিশ্ববিদ্যালডের গনযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক সাবরিনা সুলতানা চৌধুরী (১২ মার্চ)



নেদারল্যান্ডের Delft University of Technology (TUDelft) এর Water Management বিভাগের রিসার্চ কো-অর্ডিনেটর Roos Goedhart (রুজ গোয়েডার্ট) [৪ মার্চ]



উপাচার্যের সাথে সকল অনুষদের ডিনবৃন্দ (১৬ ডিসেম্বর)



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম নারী উপাচার্য হিসেবে অধ্যাপক ড. সাদেকা হালিম দায়িত্ব গ্রহণ করায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের নেতৃবৃন্দের পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয় (২০ মার্চ)।



স্বপ্নজয়ী নারী সম্মাননা ২০২৪’ অর্জন করায় উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম-কে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ এর পক্ষ থেকে শুভেচ্ছা জানানো হয় (১০ মার্চ)

## বিভিন্ন দিবস উদ্‌যাপন ও শ্রদ্ধাঞ্জলি নিবেদন

### জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে এবং ম্যুরালে নবনিযুক্ত উপাচার্য এর শ্রদ্ধাঞ্জলি নিবেদন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি ৪ ডিসেম্বর ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করছেন

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী, কর্মচারী, সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। উপাচার্য মহোদয় শ্রদ্ধা নিবেদন শেষে জাতির জনক বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন এবং পরিদর্শন বইয়ে অনুভূতি লিপিবদ্ধ করেন।

উল্লেখ্য ২ ডিসেম্বর অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

### জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে এবং ম্যুরালে নবনিযুক্ত কোষাধ্যক্ষ এর শ্রদ্ধাঞ্জলি নিবেদন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী ৬ ডিসেম্বর ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত কোষাধ্যক্ষ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করছেন

এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী, কর্মচারী, সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। কোষাধ্যক্ষ মহোদয় শ্রদ্ধা নিবেদন শেষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন এবং পরিদর্শন বইয়ে অনুভূতি লিপিবদ্ধ করেন।

উল্লেখ্য সকালে নবনিযুক্ত কোষাধ্যক্ষ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

### শহিদ বুদ্ধিজীবী দিবসে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শ্রদ্ধাঞ্জলি নিবেদন

১৪ ডিসেম্বর সকালে সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন করা হয় এবং সকলে কালো ব্যাজ ধারণ করেন। শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম এর নেতৃত্বে মিরপুর শহিদ বুদ্ধিজীবী কবরস্থানে এবং পরবর্তীতে রায়েরবাজার শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, বিভিন্ন সংগঠনের পক্ষ হতে একে একে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।



শহিদ বুদ্ধিজীবী দিবসে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করছেন উপাচার্য

এসময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল-এর প্রভোস্ট, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, প্রক্টর, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, সাংবাদিকবৃন্দ ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

### মহান বিজয় দিবস উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

১৬ ডিসেম্বর ‘মহান বিজয় দিবস’ উপলক্ষে সকালে সূর্যোদয়ের সাথে সাথে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। মহান মুক্তিযুদ্ধে বীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানাতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম এর নেতৃত্বে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

পরবর্তীতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, বিভিন্ন সংগঠনের পক্ষ হতে একে একে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।



মহান বিজয় দিবসে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করছেন উপাচার্য

এসময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল-এর প্রভোস্ট, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, প্রক্টর, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, সাংবাদিকবৃন্দ ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। ক্যাম্পাসে প্রত্যাবর্তনের পর দিনব্যাপী বিভিন্ন মুক্তিযুদ্ধ ও দেশাত্ববোধক গান পরিবেশিত হয়। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবনসমূহ আলোক সজ্জায় সজ্জিত করা হয়।

### জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

‘মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪’ উপলক্ষে ২১ ফেব্রুয়ারি দিবাগত রাত ১২.০১ মিনিটে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত শহিদ মিনারে উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম-এর পক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।



আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ক্যাম্পাসে অবস্থিত শহিদ মিনার শ্রদ্ধাঞ্জলি

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বীর শহিদদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, ইনস্টিটিউট, বিভাগ, দপ্তর, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল এবং সংগঠনসমূহ স্ব-স্ব ব্যানার নিয়ে শহিদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পণ করেন।

### মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে কেন্দ্রীয় শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি

২১ ফেব্রুয়ারি ‘মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪’ উপলক্ষে কেন্দ্রীয় শহিদ মিনারে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি-এর পক্ষে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান পুষ্পস্তবক অর্পণ করে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।



আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে কেন্দ্রীয় শহিদ মিনার শ্রদ্ধাঞ্জলি নিবেদন

পরবর্তীতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি (জবিকস), কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী সমিতি পক্ষে শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

এছাড়াও দিনব্যাপী ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় এবং কালো পতাকা উত্তোলন করা হয়।

## ঐতিহাসিক ৭ মার্চ উদ্‌যাপন উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন

ঐতিহাসিক ৭ মার্চ উদ্‌যাপন উপলক্ষে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতি শ্রদ্ধা জানাতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ে অবস্থিত বঙ্গবন্ধুর ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।



ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে বঙ্গবন্ধুর ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করছেন উপাচার্য

পরবর্তীতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এবং বিভিন্ন সংগঠনের পক্ষ হতে একে একে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

এসময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল এর প্রভোস্ট, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, প্রক্টর, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, সাংবাদিকবৃন্দ ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। ক্যাম্পাসে দিনব্যাপী বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ, বিভিন্ন মুক্তিযুদ্ধ ও দেশাত্মবোধক গান পরিবেশিত হয়।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি ও স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উপলক্ষে ১৭ মার্চ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।



জাতীয় শিশু দিবসে বঙ্গবন্ধুর ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করছেন উপাচার্য

পরবর্তীতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, কর্মকর্তা সমিতি, বিভিন্ন সংগঠন, কর্মচারী সমিতি এর পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

শ্রদ্ধাঞ্জলি নিবেদন শেষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের আয়োজনে একাডেমিক ভবনের নিচতলায় পুরানো ঢাকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিশুদের অংশগ্রহণে 'বঙ্গবন্ধু ও আগামীর শিশু' শীর্ষক চিত্রাঙ্কন প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন উপাচার্য মহোদয়।

এছাড়া সূর্যোদয়ের সাথে সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। বঙ্গবন্ধুর আত্মার মাগফিরাত কামনা করে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে বাদ যোহর মিলাদ মাহফিল ও দোয়ার আয়োজন করা হয়।

## মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪' উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণের মধ্য দিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে মুক্তিযুদ্ধে বীর শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।




মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করছেন উপাচার্য

এসময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান, রেজিস্ট্রার, প্রভোস্ট, প্রক্টর, বিভিন্ন দপ্তরের পরিচালক, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধি, কর্মচারীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, কর্মকর্তা সমিতি, সাংবাদিক সংগঠন, কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী কল্যাণ সমিতি ও শিক্ষার্থীদের বিভিন্ন সংগঠন একে একে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। এ সময় মহান স্বাধীনতা সংগ্রামে বীর শহিদদের আত্মার মাগফেরাত কামনা করা হয়।

এদিকে, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সকালে সূর্যোদয়ের সাথে সাথে মহান স্বাধীনতা দিবস উপলক্ষে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এছাড়া মহান স্বাধীনতা দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবনসমূহ আলোক সজ্জায় সজ্জিত করা হয়।

### বিশেষ সংবাদ

## বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য হলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম-কে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) খণ্ডকালীন সদস্য হিসেবে মনোনয়ন দেয়া হয়। ৪ ডিসেম্বর ইউজিসি-এর সচিব স্বাক্ষরিত প্রজ্ঞাপনে এই আদেশ জারি করা হয়। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আদেশের ৪(১) ও ৪(৪) ধারার বিধান অনুসারে গৃহীত কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী দুই বছরের জন্য তিনি খণ্ডকালীন সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন।

## শিক্ষা, গণমাধ্যম ও চাকরিতে নারীর সমতা নিশ্চিত জরুরি: জবি উপাচার্য

ভারতের মালদাহে রাইগঞ্জ বিশ্ববিদ্যালয় ও চাচোল কলেজের যৌথ উদ্যোগে ইন্ডিয়ান কাউন্সিল ফর সোশ্যাল সায়েন্স রিসার্চ (আইসিএসএসআর) এর অর্থায়ন এবং সার্বিক সহযোগিতায় `Gender Equality and Womens Right : Exploring Womens Voice and Experience in South Asia` শীর্ষক দু'দিনব্যাপী (৬ ও ৭ ডিসেম্বর) আন্তর্জাতিক কনফারেন্স অনুষ্ঠিত হয়।



ভারতে অনুষ্ঠিত আন্তর্জাতিক কনফারেন্সে উপাচার্য মহোদয়কে সম্মাননা ক্রেস্ট প্রদান

আলোচনায় সমাজবিজ্ঞানী ড. সাদেকা হালিম `Women Empowerment in South Asia : Rights and Justice` শিরোনামের মূল প্রবন্ধে দক্ষিণ এশিয়ার নারীর সমসাময়িক পরিস্থিতির সার্বিক রূপরেখা তুলে ধরেন।

এছাড়া রাজনৈতিক ক্ষেত্রে সরকারি ও বেসরকারি চাকুরির ক্ষেত্রে, মিডিয়াতে, নারীর স্বক্ষমতায় উদ্যোক্তার ক্ষেত্রে, শিক্ষায় নারীর ক্ষমতায়ন, সমতা ও ন্যায্যতা এবং বিভিন্নক্ষেত্রে নারীর ক্ষমতায়নের প্রয়োজনীয়তা তুলে ধরেন। একইসাথে বর্তমান সরকার প্রধানমন্ত্রী শেখ হাসিনার গুরুত্বপূর্ণ কৃতিত্বের বিষয়টি আলোকপাত করেন ড. সাদেকা হালিম।

কনফারেন্সে দক্ষিণ এশিয়ার স্বনামধন্য নারীবাদী ও মানবাধিকার স্কলারসদের প্রবন্ধে উঠে আসে বিভিন্ন টেকনিক্যাল সেশনে নারীদের প্রতি অসমতা, বৈষম্য ও লিঙ্গ বৈচিত্র্যময় জনগোষ্ঠীর অধস্তনা। এছাড়া দক্ষিণ এশিয়ায় নারীর অধিকার, সমতা, ন্যায্যতা ও নারীর ক্ষমতায়ণের উপর গুরুত্বারোপ করেন প্রাবন্ধিকরা।

অনুষ্ঠানে অধ্যাপক ড. সাদেকা হালিম, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নারীর ক্ষমতায়নে সুদূরপ্রসারি চিন্তা এবং বীরাঙ্গনাদের মুক্তিযুদ্ধে অবদানের বিষয়টির উপরও একটি ঐতিহাসিক পর্যালোচনা প্রদান করেন।

## কলকাতায় ১১তম বইমেলায় 'দেশভাগ ও বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস চর্চা' শীর্ষক আলোচনায় উপচার্যের অংশগ্রহণ

৫ই ডিসেম্বর কলকাতায় বাংলাদেশ হাইকমিশন কর্তৃক আয়োজিত ১১তম বাংলাদেশ বইমেলায় বিশেষ অতিথি হিসেবে জবি উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম 'দেশভাগ ও বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাসচর্চা' শীর্ষক আলোচনায় দেশভাগের সমাজতাত্ত্বিক বিশ্লেষণ করেন।

তিনি দুই বাংলার মেলবন্ধনের বিষয় এবং উন্নত, মানবিক, অসাম্প্রদায়িক ও ধর্মনিরপেক্ষ মন ও মানস গঠনে বই পড়ার উপর গুরুত্বারোপ করেন। মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসামান্য অবদানের কথা তুলে ধরেন।

## শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে মেলবন্ধন প্রয়োজন: জবি উপাচার্য

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাথে আশপাশের শিক্ষাপ্রতিষ্ঠানের মেলবন্ধ প্রয়োজন বলে মন্তব্য করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।




প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দিচ্ছেন উপাচার্য

২৫ জানুয়ারি হিড ইন্টারন্যাশনাল স্কুলের (HEED International School) ২১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

## সিনেমাসহ সবক্ষেত্রেই নারীরা এগিয়ে যাচ্ছে: জবি উপাচার্য

'সিনেমাসহ সব ক্ষেত্রেই নারীরা এগিয়ে যাচ্ছে'- বলে মন্তব্য করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম। ২১ জানুয়ারি রাজধানীর ঢাকা ক্লাবের স্যামসন লাউঞ্জে 'উইমেন ইন সিনেমা' বিভাগের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন।

তিনি আরো বলেন, "পুরুষের সমান্তরালে তারা কাজ করছে কিন্তু সমাজ কর্তৃক চাপিয়ে দেয়া বোঝা বইতে হয় নারীদের। চলতে হয় নানা নিয়ম মেনে। খাপখাওয়াতে হয় সবকিছুর সঙ্গে।"



উদ্বোধনী অনুষ্ঠানে উপমহাদেশের বরেণ্য অভিনেত্রী শর্মিলা ঠাকুরের সাথে উপাচার্য

প্রদীপ প্রজ্জলনের মাধ্যমে 'উইমেন ফিল্ম মেকারস কনফারেন্স' এর উদ্বোধন করেন উপমহাদেশের বরেণ্য অভিনেত্রী শর্মিলা ঠাকুর। উৎসবের আয়োজক রেইনবো ফিল্ম সোসাইটির সভাপতি আহমেদ মুজতবা জামালের সঞ্চালনায় সম্মেলনের উদ্বোধনী আলোচনায় অংশ নেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক জুনায়েদ হালিম। সভাপতিত্ব করেন উৎসবের চেয়ারপার্সন অধ্যাপক কিশওয়ার কামাল।

উদ্বোধনী আলোচনা শেষে অধ্যাপক ড. সাদেকা হালিমের সভাপতিত্বে `Navigating Dual Identities : An Exploration of Intersectionality in Motherhood and Film Making` শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ভারতের পশ্চিমবঙ্গে সেইন্ট জেভিয়ার্স কলেজ ইন কলকাতার গণযোগাযোগ ও ভিডিওগ্রাফি বিভাগের প্রধান ড. ইপ্সিতা বড়াল।

উল্লেখ্য, ২১ জানুয়ারি থেকে উৎসবের বিভিন্ন বিভাগের কার্যক্রম শুরু হয়। এই উৎসবের অন্যতম বিভাগ 'উইমেন ইন সিনেমা'। এতে দেশ-বিদেশের নারী চলচ্চিত্র নির্মাতাদের সঙ্গে বাংলাদেশের নারী নির্মাতারা মত বিনিময়ের মাধ্যমে অভিজ্ঞতা নেওয়ার সুযোগ হয়।

নয় দিনব্যাপী ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে ৭৪টি দেশের ২৫২টি সিনেমা অংশ নিয়েছে।

## এশিয়াটিক সোসাইটির সদস্য হলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি ২০২৪-২০২৫ বর্ষের নির্বাচন ৩০ জানুয়ারি সোসাইটি প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। কাউন্সিল নির্বাচনে সদস্য পদে নির্বাচিত হয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।

## ইউনেস্কোর আন্তর্জাতিক সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

সংস্কৃতি ও শিল্প, শিক্ষার ওপর ইউনেস্কোর আন্তর্জাতিক বিশ্ব সম্মেলন সংযুক্ত আরব আমিরাতের আবুধাবিতে ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয়।



বাংলাদেশের শিক্ষামন্ত্রী ও বাংলাদেশ প্রতিনিধি হিসেবে জবি উপাচার্য অন্যান্য দেশের প্রতিনিধিদের সাথে মতবিনিময়কালে

সম্মেলনে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, এমপি এর সাথে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম বাংলাদেশের প্রতিনিধি হিসেবে যোগদান করেন। উল্লেখ্য, সম্মেলনে ১৯৪টি দেশ থেকে ৯৩জন মন্ত্রীসহ মোট ৯৪০ জন অংশগ্রহণ করেন।

## কোভিড-পরবর্তী চ্যালেঞ্জ মোকাবেলা শীর্ষক জাতীয় সেমিনারে জবি উপাচার্য

'বাংলাদেশে কোভিড-পরবর্তী চ্যালেঞ্জ এবং সামনের দিকে এগিয়ে যাওয়া: স্বাস্থ্য, সমতা এবং উন্নয়নের মাধ্যমে সামাজিক ন্যায়বিচারের অগ্রগতি' (Navigating Post-COVID Challenges and Way Forward in Bangladesh: Advancing Social Justice Through Health, Equality and Development) শীর্ষক জাতীয় সেমিনার ৬ মার্চ খুলনা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান স্কুল আয়োজিত সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।



সেমিনারে বক্তব্য রাখছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের ডিন, বিভাগীয় প্রধানসহ সংশ্লিষ্ট স্কুলভুক্ত বিভাগসমূহের শিক্ষকবৃন্দ, অংশগ্রহণকারী দেশ-বিদেশের শিক্ষক-গবেষকরা উপস্থিত ছিলেন। সেমিনারে 'বাংলাদেশে কোভিড-পরবর্তী চ্যালেঞ্জ এবং সামনের দিকে এগিয়ে যাওয়া: স্বাস্থ্য, সমতা এবং উন্নয়নের মাধ্যমে সামাজিক ন্যায়বিচারের অগ্রগতি' বিষয়ে ৬১টি গবেষণা নিবন্ধ নিয়ে প্রকাশিত গবেষণাপত্রের মোড়ক উন্মোচন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানের পর রিসোর্স পারসন হিসেবে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম ও বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ এর উপ-উপাচার্য অধ্যাপক ড. খন্দকার মোকাদ্দেম হোসেন।

## 'Democracy in Inclusive Society' বিষয়ক অনুষ্ঠানে বাংলাদেশের প্রতিনিধি হিসেবে জবি উপাচার্য

১৮ মার্চ পররাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ এবং ইন্দোনেশিয়ান দূতাবাস, ঢাকার যৌথ আয়োজনে 'Democracy in Inclusive Society' বিষয়ক অনুষ্ঠানে বাংলাদেশের প্রতিনিধি হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম প্যানেল আলোচনায় 'Revitalizing Pluralistic Democracy: Collaborations Between Government and Non-State Actors in Democracy' শীর্ষক বক্তব্য প্রদান করেন।




অনুষ্ঠানে বাংলাদেশের প্রতিনিধি হিসেবে বক্তব্য রাখছেন অধ্যাপক ড. সাদেকা হালিম

আলোচনায় উপাচার্য সাদেকা হালিম বহুত্ববাদী গণতন্ত্র পুনরুজ্জীবিতকরণে সমাজের বিভিন্ন স্তরে সংলাপ বৃদ্ধি এবং প্রান্তিক জনগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিতকরণের উপর গুরুত্বারোপ করেন।

## নারী দিবসের বিভিন্ন কার্যক্রমে উপাচার্য

### বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠিত হলো গণিত অলিম্পিয়াড

৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে বাংলাদেশ উইমেন্স ম্যাথমেটিক্স অলিম্পিয়াড কমিটির উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসসি প্রাঙ্গণে দেশের ২৫টি বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ের ছাত্রীদের নিয়ে অষ্টমবারের মতো অনুষ্ঠিত হয় 'নারী গণিত অলিম্পিয়াড-২০২৪'।



নারী শিক্ষার্থীদের নিয়ে গণিত অলিম্পিয়াড জবি উপাচার্য

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম। দিনব্যাপী কর্মসূচিতে পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের প্রায় ২৫০ জন নারী শিক্ষার্থী অংশ নেন। অনুষ্ঠানের উদ্বোধন করেন কথা সাহিত্যিক সেলিনা হোসেন।

### স্বপ্নজয়ী নারী সম্মাননা পেলেন জবি উপাচার্য

'স্বপ্নজয়ী নারী সম্মাননা ২০২৪' পেয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম। দেশ বিদেশে কাজ করে সমাজের অগ্রগতিতে নারীর অবদানের স্বীকৃতি স্বরূপ এ সম্মাননা দেওয়া হয়।

৮ মার্চ অর্থকণ্ঠ ও বিজনেস আমেরিকা ম্যাগাজিনের আয়োজনে রাজধানীর শেরাটন হোটেলে স্বপ্নজয়ী নারী সম্মাননা প্রদান অনুষ্ঠিত হয়। নারী সম্মাননা অনুষ্ঠানে ড. সাদেকা হালিমসহ ৩০ জন উদ্যোক্তা ও পেশাজীবি নারীকে এ সম্মাননা দেয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মন্ত্রী ডা. দীপু মনি, এমপি সবার হাতে সম্মাননা স্মারক ক্রেস্ট তুলে দেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিজনেস আমেরিকা ম্যাগাজিনের প্রধান সম্পাদক রোকেয়া হায়দার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম, সাংবাদিক, সমাজ কর্মী ও এনআরবি ওয়ান্ডের উপদেষ্টা গীতিআরা সাফিয়া চৌধুরী, গণসাক্ষরতা অভিযান নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরীসহ আরও অনেকে।

এছাড়া অনুষ্ঠানে দেশ বিদেশে কাজ করে সমাজের অগ্রগতিতে অবদান রাখছেন এরকম ১০০ জন সফল নারীর গল্প তুলে ধরার মাধ্যমে আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন করে বিজনেস আমেরিকা ম্যাগাজিন।

## নারী দিবস উপলক্ষে Platforms ও চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌথ আয়োজনের উদ্বোধনে উপাচার্য

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে Platforms ও চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌথ আয়োজনে 'Honoring the remarkable achievements and contributions of Women' অনুষ্ঠানের উদ্বোধন করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।



অনুষ্ঠানের উদ্বোধন করছেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম

অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নাহিদ ইজাহার খান।

## ICMAB কর্তৃক আয়োজিত সেমিনারে উপাচার্য

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে ৮ মার্চ The Institute of Cost and Management Accountants of Bangladesh (ICMAB) এর আয়োজনে আলোচনা সভায় প্রধান অতিথির আসন অলংকৃত করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।



ICMAB কর্তৃক আয়োজিত সেমিনারে উপাচার্য

বিশেষ অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশের প্রথম এভারেস্টজয়ী নারী নিশাত মজুমদার এবং জিআরআই এর দক্ষিণ এশিয়া অঞ্চলের পরিচালক ড. অদিতি হালদার। এছাড়াও উপস্থিত ছিলেন ICMAB এর সভাপতি অধ্যাপক ড. মোঃ সেলিম উদ্দিন এবং সহ-সভাপতি মাহতাব উদ্দিন আহমেদসহ অন্যান্যরা।

## সেবামূলক কার্যক্রমে উপাচার্য

### ক্যান্সার আক্রান্ত শিক্ষার্থীর জন্য চিকিৎসা তহবিল সংগ্রহে কনসার্ট

ব্লাড ক্যান্সারে (নন-হজকিন লিম্ফোমা) আক্রান্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের (১২তম ব্যাচের) শিক্ষার্থী জহির উদ্দিন শাখাওয়াতের চিকিৎসার অর্থ সংগ্রহের জন্য 'কনসার্ট ফর জহির' শিরোনামে একটি চ্যারিটি কনসার্ট অনুষ্ঠিত হয়। কনসার্ট থেকে প্রাপ্ত অর্থ জহিরের পরিবারের নিকট হস্তান্তর করেন উপাচার্য সাদেকা হালিম।

উল্লেখ্য, কনসার্টে কুঁড়েঘর, মেট্রোলাইফ, আড্ডা সিগনেচার, এনকোর, চান্দের গাড়ি, গল্প, প্রতিবিম্ব, মনের মানুষসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিজস্ব ব্যান্ডদলসহ মোট ১৪ টি ব্যান্ডদল অংশগ্রহণ করে।

### উপাচার্যের ব্যক্তিগত তহবিল থেকে চিকিৎসারত শিক্ষার্থীকে অনুদান প্রদান

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ১৫তম ব্যাচের শিক্ষার্থী অন্তু রানী হালদার-এর চিকিৎসার জন্য উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম ব্যক্তিগতভাবে এক লক্ষ টাকার অনুদান তার মায়ের নিকট হস্তান্তর করেন।



ব্যক্তিগত তহবিল হতে শিক্ষার্থীর চিকিৎসার্থে সহযোগিতা করছেন উপাচার্য

## একাডেমিক সংবাদ

### চারুকলা অনুষদের আনুষ্ঠানিক যাত্রা শুরু

১১ জানুয়ারি অধ্যাপক মোহাঃ আলপ্তগীন-কে চারুকলা অনুষদের ডিন নিয়োগ প্রদানের মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয় এবং চারুকলা অনুষদের অধীনে ড্রইং এন্ড পেইন্টিং বিভাগ, প্রিন্টমেকিং বিভাগ এবং ভাস্কর্য বিভাগ চালু হয়।

উল্লেখ্য, ২০২৩ সালের ৬ ফেব্রুয়ারি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) কর্তৃক জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের অধীনে চারুকলা বিভাগ হতে নতুন অনুষদ হিসেবে 'চারুকলা অনুষদ' খোলার অনুমোদন হয় এবং চারুকলা অনুষদের অধীনে ড্রইং এন্ড পেইন্টিং বিভাগ, প্রিন্টমেকিং বিভাগ এবং ভাস্কর্য বিভাগ নামে তিনটি বিভাগ চালুর বিষয় অনুমোদন করে।

### অমর একুশে গ্রন্থমেলায় বইয়ের মোড়ক উন্মোচন

বাংলা একাডেমির প্রাঙ্গণে ৫ ফেব্রুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্টলে (স্টল নং: ৮১১-৮১২) নতুন প্রকাশিত তিনটি বইয়ের মোড়ক উন্মোচন করেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।



অমর একুশে গ্রন্থমেলা ২০২৪-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের স্টলের উদ্বোধন করছেন উপাচার্য

নতুন প্রকাশিত তিনটি বই হচ্ছে বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ নঈম আকতার সিদ্দিকের রচিত 'বাংলাদেশের স্থানীয় পর্যায়ের উন্নয়নে সংসদ সদস্যদের ভূমিকা', ইতিহাস বিভাগের সম্পাদিত গ্রন্থ 'বঙ্গবন্ধু শেখ মুজিব ও বাংলাদেশ' এবং ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ ইব্রাহীম খলিলের লেখা 'ভোলা জেলার মানতা সম্প্রদায়ের জীবন ও ধর্ম: সমীক্ষা'। তন্মধ্যে 'বঙ্গবন্ধু শেখ মুজিব ও বাংলাদেশ' গ্রন্থটি সম্পাদনা করেছেন ইতিহাস বিভাগের তিন জন শিক্ষক।

### জার্নাল অব সোশ্যাল সায়েন্সেস-এর মোড়ক উন্মোচন

৬ ফেব্রুয়ারি জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব সোশ্যাল সায়েন্সেস এর (ভলিয়ম নং: ১১ এবং ইস্যু # ১ ও ২) মোড়ক উন্মোচন করেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।



জার্নাল এর মোড়ক উন্মোচন করছেন উপাচার্য

এসময় জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব সোশ্যাল সায়েন্সেস এর সম্পাদক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেনসহ সম্পাদনা পর্ষদের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

### জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব সাইন্সেস এর আর্টিকেলসমূহের DOI নম্বর এবং Open Access প্রাপ্তি

১১ ফেব্রুয়ারি উপাচার্যের কনফারেন্স রুমে জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব সাইন্সেস এর Open Access প্রাপ্ত প্রথম দুটি সংখ্যার (ভলিয়ম নং: ১০ এর নম্বর ১ ও ২) মোড়ক উন্মোচন করেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।

ইউনিভার্সিটি জার্নাল অব সাইন্সেস এর প্রধান সম্পাদক ও বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. শাহজাহানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী। এসময় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন সহ উক্ত জার্নাল কমিটির সম্পাদনা পর্ষদের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

### খুলনা বিশ্ববিদ্যালয় এর সাথে শিক্ষা-গবেষণায় পারস্পরিক সহযোগিতা সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষরিত

যৌথ শিক্ষা-গবেষণা কার্যক্রমে কাজ করার লক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাথে খুলনা বিশ্ববিদ্যালয়ের এক সমঝোতা স্মারক (এমওইউ) ৬ মার্চ খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয়ে স্বাক্ষরিত হয়েছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে রেজিস্ট্রার এবং খুলনা বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক অমিত রায় চৌধুরী এমওইউতে স্বাক্ষর করেন।



খুলনা ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাঝে শিক্ষা-গবেষণায় সমঝোতা স্মারক স্বাক্ষরিত অনুষ্ঠান

এমওইউ স্বাক্ষর শেষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম এবং খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মাহমুদ হোসেন এর উপস্থিতিতে তা উভয়পক্ষের নিকট হস্তান্তর করা হয়।

## গবেষণা ও প্রকল্প

### গবেষণা প্রকল্পে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১৪ জন শিক্ষকদের ৩৯ লাখ টাকা অনুদান লাভ

২০২৩-২৪ অর্থবছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়ের গবেষণা প্রকল্পে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১৪ জন শিক্ষক ৩৯ লক্ষ টাকা অনুদান লাভ করেছেন। ১৮ ডিসেম্বর বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি প্রকাশ করা হয়।

২০২৩-২৪ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির আওতায় গবেষকদের ৬৯৬টি বিশেষ গবেষণা প্রকল্প স্থান পেয়েছে। তন্মধ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১৪ জন শিক্ষক গবেষণা অনুদান লাভ করছেন। মনোনীত শিক্ষকরা হলেন অণুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া, রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোঃ আমিনুল হক, অধ্যাপক ড. মুহাম্মদ জামির হোসেন, অধ্যাপক ড. মোহাম্মদ আওলাদ হোসেন, সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ মাহমুদুর রহমান, ড. মোঃ দেলোয়ার হোসেন এবং ড. জগদীশ চন্দ্র সরকার, ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল কাদের, অধ্যাপক ড. মো. মনিরুজ্জামান, গণিত বিভাগের অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আবু লায়েক ও ড. মোঃ মনোয়ারুল ইসলাম, উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. শাহরিয়ার আহম্মদ এবং প্রাণিবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক ড. শিল্পী সাহা।

### 'Academic Career Planning' শীর্ষক ট্রেনিং

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের IQAC-এর আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে 'Academic Career Planning' শীর্ষক ট্রেনিং অনুষ্ঠিত হয়।



প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

প্রশিক্ষণে টেকনিক্যাল সেশনে 'Academic Career Planning' শীর্ষক উপস্থাপনা করেন যুক্তরাষ্ট্রের Monmouth University এর School of Social Work এর অধ্যাপক ড. গোলাম এম মাতব্বর।

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দু'জন শিক্ষক পেলেন ইউজিসি পোস্ট-ডক্টরাল ফেলোশিপ

দেশের ১০ জন গবেষককে ইউজিসি পোস্ট-ডক্টরাল ফেলোশিপের জন্য নির্বাচিত করেছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। এতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক ড. শরাবান তোহুরা এবং রসায়ন বিভাগের অধ্যাপক ড. গুলশান আরা মনোনীত হয়েছেন।

## 'Pedagogical Challenges' শীর্ষক ট্রেনিং

১৭ জানুয়ারি IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে 'Pedagogical Challenges' শীর্ষক ট্রেনিং অনুষ্ঠিত হয়।



প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

এতে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম বলেন, "প্রশিক্ষণের মূল উদ্দেশ্য হচ্ছে কর্মদক্ষতা বৃদ্ধি ও স্বাবলম্বী হওয়া।

IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. আইন-উল হুদার সভাপতিত্বে ট্রেনিং-এ বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী।

## ডিগ্রি/সম্মাননা/সদস্যপদ/অংশগ্রহণ

**ড. মোঃ আব্দুস সামাদ**

ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আব্দুস সামাদ যুক্তরাজ্যের ম্যানচেষ্টার ইউনিভার্সিটির Leverhulme Early Career Fellow ড. মেহবুব সাহানা- এর সাথে Leverhulme funded project 'Landscape, Environment and the People: Ecological Spoils of the Bengal-divide'-এ দুই বছরের জন্য Academic Collaboration Agreement স্বাক্ষর করেছেন।

**ড. শিল্পী রানী দে**

সম্প্রতি সমাজকর্ম বিভাগের সহযোগী অধ্যাপক শিল্পী রাণী দে অস্ট্রেলিয়ার School of Social Sciences, Western Sydney University থেকে 'The Experience of Girls in Detention under the Juvenile Justice System of Bangladesh' শীর্ষক পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

## কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীর সম্মানসূচক অ্যাওয়ার্ড লাভ

২৭ জানুয়ারি IEEE Bangladesh Section কর্তৃক আয়োজিত 'IEEE Bangladesh Section Appreciation and Award Night 2024'-এ 'Best Young Professional Volunteer' ক্যাটাগরিতে এওয়ার্ড অর্জন করেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আবু লায়েক। একই দিনে IEEE Computer Society Bangladesh Chapter কর্তৃক আয়োজিত 'IEEE CS BDC AGM 2024' এ 'Best Student Branch Chapter Advisor' ক্যাটাগরিতে এওয়ার্ড অর্জন করেন সহযোগী অধ্যাপক ড. সজীব সাহা এবং 'Best CS Student Member Volunteer' ক্যাটাগরিতে এওয়ার্ড অর্জন করেন IEEE CS JnU SBC এর চেয়ার ও বিভাগের ৪র্থ বর্ষের শিক্ষার্থী মোঃ হেলাল উদ্দীন।

## জাতীয় অনুষ্ঠানে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের পরিবেশনা

বিশ্ববিদ্যালয়ের পরিমণ্ডল পেরিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের শিক্ষার্থীরা জাতীয় পর্যায়ে সংগীত পরিবেশন করেছেন। মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজিত চার দিনব্যাপী (২১-২৪ ফেব্রুয়ারি, ২০২৪) অনুষ্ঠানমালার উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় সংগীত এবং একুশের গান পরিবেশন করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম এর উদ্যোগে জাতীয় পর্যায়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের পরিবেশনার সুযোগ সৃষ্টি হয় যা বিশ্ববিদ্যালয়ের জন্য প্রশংসার দাবিদার। এ ধরনের পরিবেশনার মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ব্র্যান্ডিং আরো বৃদ্ধি পাবে বলে মনে করেন উপাচার্য মহোদয়।

## ডিগ্রি প্রদান

১০ ডিসেম্বর (২০২৩) অনুষ্ঠিত ৯৩তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে নিম্নলিখিত গবেষকবৃন্দ-কে

**পিএইচডি ডিগ্রি প্রদান**

কলা অনুষদের অন্তর্গত ইসলামিক স্টাডিজ বিভাগের অধীনে মো. বাকি বিল্লাহ-কে পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

বিজনেস স্টাডিজ অনুষদের অন্তর্গত একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের অধীনে ফারজানা ফেরদৌস-কে পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

বিজনেস স্টাডিজ অনুষদের অন্তর্গত ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধীনে কে. এ. এম. রিফাত হাসান, মো. সাখাওয়াত হোসেন এবং মো. খায়রুল বাশার মজুমদার-কে পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের অন্তর্গত ভূগোল ও পরিবেশ বিভাগের অধীনে মো. মহিউদ্দিন-কে পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

**এমফিল ডিগ্রি প্রদান**

কলা অনুষদের অন্তর্গত ইসলামিক স্টাডিজ বিভাগের অধীনে মোহাম্মদ কামরুল ইসলাম এবং মোহাম্মদ আনিছুর রহমান-কে এমফিল ডিগ্রি প্রদান করা হয়।

সামাজিক বিজ্ঞান অনুষদের অন্তর্গত সমাজকর্ম বিভাগের অধীনে মো. আবু নায়েম-কে এমফিল ডিগ্রি প্রদান করা হয়।

লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের অন্তর্গত মনোবিজ্ঞান বিভাগের অধীনে আশরাফুল ইসলাম এবং মোহাম্মদ দিদার হোসেন-কে এমফিল ডিগ্রি প্রদান করা হয়।

## নিয়োগ/যোগদান

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদভুক্ত বিভাগসমূহের মধ্যে **বাংলা বিভাগের অধ্যাপক ড. হোসনে আরা বেগম**-কে ৩ ডিসেম্বর (২০২৩) হতে পরবর্তী দুই বছরের জন্য **কলা অনুষদের ডিন** হিসেবে নিযুক্ত করা হয়।

**অধ্যাপক মোহাঃ আলপ্তগীন**-কে ১১ জানুয়ারি (২০২৪) হতে পরবর্তী দুই বছরের জন্য **চারুকলা অনুষদের ডিন** হিসেবে নিযুক্ত করা হয়।

লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদভুক্ত বিভাগসমূহের মধ্যে **ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন**-কে ৪ ফেব্রুয়ারি (২০২৪) হতে পরবর্তী দুই বছরের জন্য **লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন** হিসেবে নিযুক্ত করা হয়।

বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহের মধ্যে **ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ মঞ্জুর মুর্শেদ ভূঁইয়া**-কে ৭ ফেব্রুয়ারি (২০২৪) হতে পরবর্তী দুই বছরের জন্য **বিজনেস স্টাডিজ অনুষদের ডিন** হিসেবে নিযুক্ত করা হয়।

**নবনিযুক্ত চেয়ারম্যানবৃন্দ**

**মার্কেটিং বিভাগের অধ্যাপক মো. জহির উদ্দিন আরিফ**-কে ১৩ ডিসেম্বর (২০২৩) হতে,

**ড্রইং এন্ড পেইন্টিং বিভাগের অধ্যাপক মোহাঃ আলপ্তগীন**-কে ১১ জানুয়ারি (২০২৪) হতে,

**প্রিন্ট মেকিং বিভাগের অধ্যাপক ড. বজলুর রশীদ খান**-কে ১১ জানুয়ারি (২০২৪) হতে,

**ভাস্কর্য বিভাগের সহকারী অধ্যাপক ইমাম হোসেন**-কে ১১ জানুয়ারি (২০২৪) হতে,

**অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. শরীফ মোশাররফ হোসেন**-কে ২০ জানুয়ারি (২০২৪) হতে,

**সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. মোস্তফা হাসান**-কে ১৪ ফেব্রুয়ারি হতে,

**ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক মোঃ মিজানুর রহমান**-কে ৬ মার্চ হতে,

**পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সুরঞ্জন কুমার দাস**-কে ৭ মার্চ হতে,

**গণিত বিভাগের অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমান**-কে ২০ মার্চ হতে পরবর্তী তিন বছরের জন্য স্ব স্ব **বিভাগের চেয়ারম্যান** হিসেবে নিযুক্ত করা হয়।

**লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন**-কে ১২ ফেব্রুয়ারি হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত **জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের চেয়ারম্যান এর রুটিন দায়িত্ব** প্রদান করা হয়।

**সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন**-কে ২১ মার্চ অনুষ্ঠিত সিন্ডিকেট সভার তারিখ **ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগের চেয়ারম্যান** হিসেবে দায়িত্ব প্রদান করা হয়।

**ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন**-কে ১৯ ফেব্রুয়ারি হতে পরবর্তী দুই বছরের জন্য **প্রক্টর** হিসেবে নিযুক্ত করা হয়।

**সমাজকর্ম বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ মহসীন রেজা**-কে ১৮ জানুয়ারি (২০২৪) হতে পরবর্তী দুই বছরের জন্য **পরিচালক (অর্থ ও হিসাব)** হিসেবে নিযুক্ত করা হয়।

**অর্থ ও হিসাব দপ্তরের অতিরিক্ত পরিচালক সৈয়দ আহম্মদ**-কে ৮ জানুয়ারি (২০২৪) হতে পুনরাদেশ না দেয়া পর্যন্ত **পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত)** হিসেবে দায়িত্ব প্রদান করা হয়।

**ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ তানভীর আহসান**-কে ৩ মার্চ হতে পরবর্তী দুই বছরের জন্য **পরিচালক (জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর)** হিসেবে নিযুক্ত করা হয়।

**কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আমিনুল ইসলাম**-কে ৩ মার্চ হতে পরবর্তী দুই বছরের জন্য **পরিচালক (আইসিটি সেল)** হিসেবে নিযুক্ত করা হয়।

**সহকারী প্রক্টরবৃন্দ :**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. কিশোর রায়, সমাজবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক কে. এম. সুজাউদ্দিন, লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক নুমান মাহফুজ, ফার্মেসী বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ মনির হোসেন, আইন বিভাগের সহযোগী অধ্যাপক মুনিরা জাহান সুমি, প্রাণিবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক মোঃ মাসুদ রানা, মার্কেটিং বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আল আমীন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহকারী অধ্যাপক মোহাঃ খালেদ সাইফুল্লাহ্ এবং বাংলা বিভাগের সহকারী অধ্যাপক সাবরিন নাহার-কে **সহকারী প্রক্টর** হিসেবে নিযুক্ত করা হয়।

**হাউজ টিউটর :**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মোশরাত জাহান-কে ১৪ মার্চ হতে পরবর্তী দুই বছরের জন্য বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের সহকারী **হাউজ টিউটর** হিসেবে নিযুক্ত করা হয়।

## এপিএ

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক প্রশিক্ষণ

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আওতায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' শীর্ষক প্রশিক্ষণ ২১ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণের উদ্বোধন ঘোষণা করেন উপাচার্য ও এপিএ কমিটির আহবায়ক অধ্যাপক ড. সাদেকা হালিম।

এপিএ কমিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সদস্য-সচিব ও রেজিস্ট্রারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী।

## 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা' শীর্ষক কর্মশালা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আওতায় এবং অভিযোগ নিষ্পত্তি বিষয়ক ফোকাল পয়েন্টের আয়োজনে 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা' (Grievance Redress System) শীর্ষক কর্মশালা ২১ ডিসেম্বর উপাচার্যের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও এপিএ কমিটির আহবায়ক অধ্যাপক ড. সাদেকা হালিম ওয়ার্কসপের উদ্বোধন করেন।

এসময় বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী। ওয়ার্কসপে রিসোর্স পার্সন হিসেবে আইন অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম মাসুম বিল্লাহ 'অভিযোগ প্রতিকার প্রক্রিয়া: একটি শোভন বিশ্ববিদ্যালয়ের জন্য' শীর্ষক প্রেজেন্টেশন বিভিন্ন স্লাইডের মাধ্যমে প্রদর্শন করেন।

## 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ' শীর্ষক সেমিনার

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আওতায় এবং ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন বিষয়ক ফোকাল পয়েন্টের আয়োজনে 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ' শীর্ষক সেমিনার ২১ ডিসেম্বর উপাচার্যের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও এপিএ কমিটির আহবায়ক অধ্যাপক ড. সাদেকা হালিম।



'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ' শীর্ষক সেমিনারে বক্তব্য প্রদান করছেন রিসোর্স পার্সন

বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী। ওয়ার্কসপে রিসোর্স পার্সন হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. লাফিফা জামাল 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ' শীর্ষক সেমিনারে প্রেজেন্টেশনের মাধ্যমে আলোচনা করেন।

## 'Reception, Hospitality & Food Service' শীর্ষক ট্রেনিং

IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ১১ ফেব্রুয়ারি কেন্দ্রীয় মিলনায়তনে 'Reception, Hospitality & Food Service' শীর্ষক ট্রেনিং অনুষ্ঠিত হয়। IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. আইন-উল হুদার সভাপতিত্বে ট্রেনিং-এ বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী এবং সাবেক রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান।

## 'কর্মপরিবেশে উন্নয়ন, পরিষ্কার পরিচ্ছন্নতা ও শিষ্টাচার' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ১২ ফেব্রুয়ারি কেন্দ্রীয় মিলনায়তনে 'কর্মপরিবেশে উন্নয়ন, পরিষ্কার পরিচ্ছন্নতা ও শিষ্টাচার' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. আইন-উল হুদার সভাপতিত্বে প্রশিক্ষণ কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী।

## ইউজিসি আয়োজিত ইনোভেশন শোকেসিং শীর্ষক এক কর্মশালায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন



উপাচার্য ও কোষাধ্যক্ষ এর সাথে সৌজন্য সাক্ষাতে ইউজিসি কর্তৃক আয়োজিত ওয়ার্কসপে পুরস্কারপ্রাপ্ত দল

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বিষয়ক ফোকাল পয়েন্ট ও সিএসই বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ জুলফিকার মাহমুদের নেতৃত্বে চ্যাম্পিয়ন দল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী-এর সাথে শুভেচ্ছা বিনিময় করেন।

উল্লেখ্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন অডিটোরিয়ামে দুইদিন ব্যাপী (১৭ ও ১৮ ফেব্রুয়ারি, ২০২৪) ইনোভেশন শোকেসিং শীর্ষক এক কর্মশালার আয়োজন করা হয়। যেখানে সারা বাংলাদেশ থেকে ৫২টি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি তাদের বিভিন্ন উদ্ভাবনীমূলক আইডিয়া নিয়ে অংশগ্রহণ করে।

## ‘Faculty Development for Higher Education in Jagannath University’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা

IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে টিচার লাউঞ্জে ‘Faculty Development for Higher Education in Jagannath University’ শীর্ষক ট্রেনিং ২৮ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয়।

IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. আইন-উল হুদার সভাপতিত্বে ট্রেনিং-এ বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী।

ট্রেনিং এর টেকনিক্যাল সেশনে ‘Faculty Development for Higher Education in Jagannath University’ শীর্ষক উপস্থাপনা করেন সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির সিএসই বিভাগের চেয়ারম্যান ও IQAC এর অতিরিক্ত পরিচালক শাহনাজ পারভিন। ট্রেনিং-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সহকারী অধ্যাপক ও প্রভাষকবৃন্দ অংশগ্রহণ করেন।

## ‘জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা ২০২৪ অনুষ্ঠিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কমিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ৭ মার্চ কেন্দ্রীয় মিলনায়তনে ‘জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা ২০২৪ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কমিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সদস্য সচিব ও রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামানের সভাপতিত্বে প্রশিক্ষণ কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী।

## ‘দুর্নীতিমুক্ত ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তথ্য অধিকারের প্রয়োজনীয়তা’ শীর্ষক সেমিনার ২০২৪ অনুষ্ঠিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন কার্যক্রমের অংশ হিসেবে তথ্য অধিকার বিষয়ক এপিএ কমিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে উপাচার্য মহোদয়ের কনফারেন্স রুমে ‘দুর্নীতিমুক্ত ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তথ্য অধিকারের প্রয়োজনীয়তা’ শীর্ষক সেমিনার ১০ মার্চ অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথির পদ অলংকৃত করেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।




সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী উপস্থিত ছিলেন। ‘দুর্নীতিমুক্ত ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তথ্য অধিকারের প্রয়োজনীয়তা’ শীর্ষক আলোচনা করেন রিসোর্স পার্সন ও সাবেক তথ্য কমিশনার নেপাল চন্দ্র সরকার।

# উন্নয়নমূলক সংবাদ

## নতুন ক্যাম্পাসে ভবন নির্মাণ এবং ঘাট নির্মাণের ভিত্তি প্রস্তর স্থাপন

২৫ ফেব্রুয়ারি কেরানীগঞ্জের তেঘরিয়ায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় নতুন ক্যাম্পাসে ‘পরিকল্পনা ও প্রকৌশল ভবন’ নির্মাণ এবং ‘ঘাট’ নির্মাণের ভিত্তি প্রস্তর স্থাপন করেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।



‘পরিকল্পনা ও প্রকৌশল ভবন’ নির্মাণের ভিত্তি প্রস্তর স্থাপন করে কাজের সুচনা করছেন উপাচার্য

এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, প্রক্টর, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, প্রধান প্রকৌশলী, প্রকল্প পরিচালকসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

# বিভাগীয় কার্যক্রম/সেমিনার

## ‘মধুসূদন ও বাংলা সাহিত্য’ শীর্ষক সেমিনার

বাংলা বিভাগের আয়োজনে মাইকেল মধুসূদন দত্তের দ্বিশত জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষে সাহিত্য-শিল্প বিষয়ক সপ্তম পর্বে ‘মধুসূদন ও বাংলা সাহিত্য’ শীর্ষক সেমিনারর ২৩ জানুয়ারি কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী।



‘মধুসূদন ও বাংলা সাহিত্য’ শীর্ষক সেমিনারে মঞ্চে উপবিষ্ট রয়েছেন কোষাধ্যক্ষ, আলোচক, বক্তা ও অতিথিগণ

বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মিল্টন বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে ছিলেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. রাশিদ আসকারী।

সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন সেমিনার কমিটির আহবায়ক অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস। সেমিনারে ‘মিশনারী ইতিহাসতত্ত্ব ও তাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে মাইকেল মধুসূদন দত্ত ও তৎকালীন সমাজের পর্যালোচনাঃ ১৮২৪-১৮৭৩’ শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক এস এম তানভীর আহমদ এবং ‘মধুসূদন ও বাংলা সাহিত্য’ শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বাংলা বিভাগের সহকারী অধ্যাপক শাহ মোঃ আরিফুল আবেদ।

## ২য় বার্ষিক নাট্যোৎসব অনুষ্ঠিত

‘কী ধ্বনি বাজে, গহনচেতনামাঝে’ স্লোগানকে সামনে রেখে নাট্যকলা বিভাগের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে তিন দিনব্যাপী (২৮-৩০) ২য় বার্ষিক নাট্যোৎসব অনুষ্ঠিত হয়। ২৮ জানুয়ারি উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম প্রধান অতিথি হিসেবে নাট্যোৎসবের উদ্বোধন করেন।



২য় বার্ষিক নাট্যোৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে বরেণ্য নাট্যজন জনাব আসাদুজ্জামান নূর, এমপিসহ অতিথিবৃন্দ।

এসময় উদ্বোধনী নাট্যভাষণে ছিলেন বরেণ্য নাট্যজন জনাব আসাদুজ্জামান নূর, এমপি।

এছাড়াও নাট্যকলা বিভাগের চেয়ারম্যান ক্যাথরিন পিউরীফিকেশনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম বক্তব্য প্রদান করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান, বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

উল্লেখ্য, উদ্বোধনী দিনে (২৮ জানুয়ারি) ‘রামাধন ধনপুদি’ ও ‘লেটার টু চাইল্ড নেভার বর্ন’, দ্বিতীয় দিনে (২৯ জানুয়ারি) ‘রক্তকদম’ ও ‘তপস্বী ও তরঙ্গিনী’ এবং সমাপনী দিনে (৩০ জানুয়ারি) ‘মসি জুলি’ ও ‘যমালয়ে একবলো’ নাটক প্রদর্শিত হয়।

## প্রাণিবিদ্যা বিভাগে পাখির অভিপ্রয়ান বিষয়ক সেমিনার

প্রাণিবিদ্যা বিভাগের পাখির অভিপ্রয়াণ বিষয়ক এক সেমিনার ৬ ফেব্রুয়ারি বিভাগীয় কক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারে Royal Netherlands Institute for Sea Research (NIOZ) এর অধ্যাপক ড. থিউনিস পিয়ার্সমা (Professor Dr. Theunis Piersma) পাখির অভিপ্রয়ান বিষয়ক তাঁর বৈজ্ঞানিক নিবন্ধ উপস্থাপন করেন।

সেমিনার শেষে ড. থিউনিস পিয়ার্সমা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম এর সাথে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল্লাহ আল মাসুদ উপস্থিত ছিলেন।

## ফার্মেসী বিভাগের ১৬ তম বার্ষিকী উদ্‌যাপন

৮ ফেব্রুয়ারি ফার্মেসী বিভাগ ১৬তম বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠান আয়োজিত হয়। সকালে উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম এর নেতৃত্বে একটি র‍্যালি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।




ফার্মেসী বিভাগের ১৬তম বার্ষিকী উপলক্ষে আয়োজিত র‍্যালির একাংশ

পরে ফার্মেসী বিভাগে 'Career Perspectives of Pharmacists in Bangladesh' শীর্ষ সেমিনার অনুষ্ঠিত হয়।

## সমাজকর্ম বিভাগে ছাত্র কাউন্সিলিং ও বৃত্তি প্রদান অনুষ্ঠিত

সমাজকর্ম বিভাগের সোশ্যাল ওয়ার্ক এসোসিয়েশনের আয়োজনে ৮ ফেব্রুয়ারি ছাত্র কাউন্সিলিং ও বৃত্তি প্রদান বিভাগীয় কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।

সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রাজিনা সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী এবং সমাজবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন।

সমাজকর্ম বিভাগের ১৩তম ব্যাচের ৫ জন এমএসএস শিক্ষার্থীদের মাঝে ৩টি ক্যাটাগরিতে সোশ্যাল ওয়ার্ক কো-কারিকুলার বৃত্তি, এক্সট্রা কারিকুলার বৃত্তি এবং মেধা বৃত্তি প্রদান করা হয়।

## চতুর্দশ (১৪শ) জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড ২০২৩ এর উদ্বোধন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের আয়োজনে, বাংলাদেশ গণিত সমিতির উদ্যোগে এবং এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের অর্থায়নে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১৬ ফেব্রুয়ারি প্রশাসনিক ভবন প্রাঙ্গণে চতুর্দশ (১৪শ) জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড ২০২৩ (ঢাকা দক্ষিণ অঞ্চল) এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান। এসময় গণিত বিভাগের শিক্ষক-শিক্ষার্থীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

গণিত অলিম্পিয়াডে জগন্নাথ বিশ্ববিদ্যালয়, বুয়েট, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ ঢাকা দক্ষিণ অঞ্চলের মোট ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের ২২টি বিভাগ থেকে ১০৯জন প্রতিযোগী অংশগ্রহণ করে। সমাপনী অনুষ্ঠানে ১০জন প্রতিযোগী চূড়ান্ত প্রতিযোগিতার জন্য মনোনীত হন। তারা হলেন বুয়েটের অনিন্দ্য বিশ্বাস, আশরাফুল ইসলাম, আবরার তানভির ত্বকী, তাহজিব হোসাইন খান, ফুয়াদ আল আলম ও সাবন্নি সিকদার রুমা, ঢাবির মালিক সাবিহা তাসনিম ও আলভি রয় এবং জবির সালিম সাদমান, ও উৎফল বরাই।

## বসন্ত উৎসব ১৪৩০

১৯ ফেব্রুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বসন্ত উৎসব পালন করা হয়। ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ, বাংলা বিভাগ ও উদ্ভিদ বিজ্ঞান বিভাগে বসন্তকে বরণ করে নেওয়ার জন্য বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে।



বসন্ত বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম অনুষ্ঠানগুলিতে অংশগ্রহণের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক কর্মকাণ্ডকে বেগবান করার বিষয়ে উৎসাহিত করেন।

## উদ্ভিদ বিজ্ঞান বিভাগের Jouney towards Accreditation শীর্ষক ওয়ার্কসপ

উদ্ভিদবিজ্ঞান বিভাগের অ্যাক্রিডিটেশন প্রাপ্তির জন্য গঠিত বিভাগীয় স্ব-মূল্যায়ন (Self Assessment) কমিটি কর্তৃক আয়োজিত ‘Journey towards Accrediation’ শীর্ষক ওয়ার্কসপ অনুষ্ঠিত হয়। বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শাহরিয়ার আহম্মদ এর সভাপতিত্বে বিভাগীয় শিক্ষকগণ ওয়ার্কর্সপে অংশগ্রহণ করেন।

## ডে-কেয়ার সেন্টারের শিশুদের অংশগ্রহণে ‘চিত্রাঙ্কন প্রতিযোগিতা’ অনুষ্ঠিত

অমর একুশে ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষে ২০ ফেব্রুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনার চত্বরে ডে-কেয়ার সেন্টারের শিশুদের অংশগ্রহণে ‘চিত্রাঙ্কন প্রতিযোগিতা’ অনুষ্ঠিত হয়। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী।



শিশুদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিশেষ মুহূত

## পরিসংখ্যান দিবস পালিত

জাতীয় পরিসংখ্যান দিবস উপলক্ষে ‘স্মার্ট পরিসংখ্যান, উন্নয়নের সোপান’ স্লোগানকে সামনে রেখে পরিসংখ্যান বিভাগের আয়োজনে ২৭ ফেব্রুয়ারি উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম-এর নেতৃত্বে একটি র‍্যালি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।



পরিসংখ্যান দিবস উপলক্ষে আয়োজিত র‍্যালির একাংশ

এসময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান এবং পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবু সাইদ মোঃ রিপন রউফসহ বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## ‘ARICA-A multi-directional analysis of refugee/ IDP camp areas based on HR/ VHR satellite data’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

৪ মার্চ ভূগোল ও পরিবেশ বিভাগের আয়োজনে বিভাগীয় সেমিনার রুমে ‘ARICA-A multi-directional analysis of refugee/ IDP camp areas based on HR/ VHR satellite data' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।



সেমিনারে প্রধান অতিথির বক্তব্য প্রদান করছেন উপাচার্য

সেমিনারে ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল কাদের এর সভাপতিত্বে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পোল্যান্ডের The Space Research Centre of the Polish Academy of Science এর গবেষক Dr. Malgorzata Jenerowicz-Sanikowska। এছাড়া বক্তব্য প্রদান করেন লাইফ এন্ড আর্থ সাইন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন।

## সিএসই বিভাগের ১৪তম বার্ষিকী উদ্‌যাপন

সিএসই বিভাগের ১৪তম বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে ৫ মার্চ বিভিন্ন অনুষ্ঠান আয়োজিত হয়। সমাপনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম প্রধান অতিথির বক্তব্যে সিএই বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা টেকনোলোজি সেক্টরে এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিশেষ ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন।



১৪তম সিইসি ডে উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করছেন উপাচার্য

## 'Advancing Proteomics: Strategies for Efficient Analysis of Protein Interactions and Modification' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

মাইক্রোবায়োলজি বিভাগের আয়োজনে "Advancing Proteomics: Strategies for Efficient Analysis of Protein Interactions and Modification" শীর্ষক সেমিনার ১১ মার্চ অনুষ্ঠিত হয়।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রের University of Texas at Arlington এর Department of Chemistry and Biochemistry এর অধ্যাপক ড. সাইফুল মাহমুদ চৌধুরী। উক্ত সেমিনারে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পাঁচটি বিভাগের সংশ্লিষ্ট বিষয়ের আগ্রহী শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## বিভিন্ন বিভাগের নবীনবরণ ও বিদায় অনুষ্ঠান

**ভূগোল ও পরিবেশ বিভাগ**

ভূগোল ও পরিবেশ বিভাগের আয়োজনে ১৮ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে ১৮তম ব্যাচের নবীন বরণ ও ১৩তম ব্যাচের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।

**রসায়ন বিভাগ**

রসায়ন বিভাগের আয়োজনে ৩ মার্চ কেন্দ্রীয় মিলনায়তনে ১৭তম ও ১৮তম ব্যাচের নবীনবরণ, ১২তম ব্যাচের বিদায়, কৃতি শিক্ষার্থী সংবর্ধনা ও বৃত্তি প্রদান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।

উক্ত অনুষ্ঠানে বিভাগের স্নাতক পর্যায়ের ৪জন শিক্ষার্থীকে কৃতি শিক্ষার্থী সংবর্ধনা এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশন কর্তৃক প্রদত্ত অনুদানের প্রেক্ষিতে ১৩তম থেকে ১৭তম ব্যাচের ৫জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়।

**গণিত বিভাগ**

গণিত বিভাগের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে ৪ মার্চ '৫ম এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশন গোল্ড মেডেল এওয়ার্ড এবং স্নাতক পর্যায়ের ১৭তম ব্যাচ ও ১৮তম ব্যাচের নবীনবরণ ২০২৩' অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।

স্নাতক শ্রেণির তিন শিক্ষাবর্ষের তিনজন শিক্ষার্থীর প্রত্যেককে স্বর্ণপদক, নগদ বিশ হাজার টাকা ও সনদ প্রদান করা হয়। একই সাথে স্নাতকোত্তর শ্রেণির তিন শিক্ষাবর্ষের তিনজন শিক্ষার্থী প্রত্যেককে স্বর্ণপদক, নগদ ত্রিশ হাজার টাকা ও সনদ প্রদান করা হয়।

**পদার্থবিজ্ঞান বিভাগ**

পদার্থবিজ্ঞান বিভাগের আয়োজনে ৫ মার্চ কেন্দ্রীয় মিলনায়তনে স্নাতক পর্যায়ের ১৭তম ও ১৮তম ব্যাচের নবীন বরণ, স্নাতকোত্তর পর্যায়ের ১১তম ব্যাচ ও ১২তম ব্যাচের বিদায় এবং রাজ্জাক-শামসুন এওয়ার্ড বিতরণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।

প্রতিবছরের মতো এবারও 'রাজ্জাক-শামসুন ট্রাস্টি বোর্ড' এর মাধ্যমে পদার্থবিজ্ঞান বিভাগের প্রতি শিক্ষাবর্ষের দুইজন শিক্ষার্থীকে আর্থিক পুরস্কার ও সনদ প্রদান করা হয়।

# ক্রীড়া সংবাদ

## আন্তর্জাতিক প্যারালিম্পিক প্রতিযোগিতায় জবি কর্মকর্তা প্রধান প্রশিক্ষক

১৪ থেকে ১৮ জানুয়ারি, ২০২৪ তারিখ পর্যন্ত যুক্তরাষ্ট্রের টেক্সাসে "Para US open Table Tennis Tournament-2024" অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিযোগিতায় বাংলাদেশ দলের কোচ হিসেবে জগন্নাথ বিশ্বিদ্যলয় শরীরচর্চা শিক্ষা কেন্দ্রের উপ-পরিচালক (শারীরিক শিক্ষা) গৌতম কুমার দাস দায়িত্ব পালন করেন।

## আন্তঃবিশ্ববিদ্যালয় জুডো প্রতিযোগিতায় শিক্ষার্থীর স্বর্ণপদক লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা কেন্দ্রের জিমনেশিয়ামে আন্তঃবিশ্ববিদ্যালয় জুডো প্রতিযোগিতা-২০২৪ এর উদ্বোধনী অনুষ্ঠান ৭ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় মনোবিজ্ঞান বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী আকিব হায়দার ইমন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিযোগীকে হারিয়ে স্বর্ণপদক লাভ করে।

# সাংগঠনিক কার্যক্রম

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদ ২০২৪

১৯ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে 'জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন-২০২৪' অনুষ্ঠিত হয়। শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচন ২০২৪-এ মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মোঃ জাকির হোসেন সভাপতি পদে এবং ফিন্যান্স বিভাগের সহযোগী অধ্যাপক ড. শেখ মাশরিক হাসান সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন।

সহ-সভাপতি পদে ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মো. মমিন উদ্দীন, কোষাধ্যক্ষ পদে ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ মিরাজ হোসেন এবং যুগ্ম-সাধারণ সম্পাদক পদে সমাজকর্ম বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. মহসীন রেজা নির্বাচিত হয়েছেন।

এছাড়াও সদস্য পদে রসায়ন বিভাগের ড. আবুল কালাম মোঃ লুৎফর রহমান, সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, উদ্ভিদবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. এ. এম. এম. গোলাম আদম, সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. ফারহানা জামান, লোক প্রশাসন বিভাগের সহযোগী অধ্যাপক শামীমা আক্তার, গণিত বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আশরাফুল ইসলাম, অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের অধ্যাপক ড. শামসুন নাহার, মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল্লাহ মাহফুজ এবং সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন নির্বাচিত হয়েছেন।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতির কার্যনির্বাহী পরিষদ ২০২৪

১ ফেব্রুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতির নির্বাচন ২০২৪ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। কর্মকর্তা সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচন ২০২৪-এ শরীরচর্চা শিক্ষা কেন্দ্র দপ্তরের ডেপুটি রেজিস্ট্রার মোঃ আব্দুল কাদের সভাপতি এবং আইন বিভাগের সহকারী রেজিস্ট্রার মোঃ কামরুল হাসান সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন। সহ-সভাপতি পদে পরিকল্পনা উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরের উপ-পরিচালক হিমাদ্রী শেখর মন্ডল, কোষাধ্যক্ষ পদে অর্থ ও হিসাব দপ্তরের সহকারী পরিচালক মোঃ আমিনুল ইসলাম এবং যুগ্ম-সাধারণ সম্পাদক পদে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের মোঃ মাকসুদুর রহমান নির্বাচিত হয়েছেন।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদের নতুন কমিটি গঠন

২ ফেব্রুয়ারি নির্বাচনের মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদের কার্যনির্বাহী কমিটি ২০২৪-২৫ এর নতুন কমিটি গঠিত হয়। এতে সভাপতি নির্বাচিত হয়েছেন ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী আদনান মাহমুদ সৈকত এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন উদ্ভিদবিজ্ঞান বিভাগের একই শিক্ষাবর্ষের শিক্ষার্থী হাসিবুজ্জামান রিক।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি ২০২৪

২০ ফেব্রুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতির নির্বাচন ২০২৪ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। কর্মচারী সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচন ২০২৪-এ বাংলা বিভাগের সিনিয়র অফিস সহকারী মোঃ জামাল হোসাইন সভাপতি পদে এবং পরিবহন পুলের অফিস সেক্রেটারি মোঃ সোহানুর রহমান সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন।

## ফটোগ্রাফিক সোসাইটির নতুন কমিটি গঠন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ১৪ তম ব্যাচের শিক্ষার্থী মো. মিনহাজুল ইসলামকে সভাপতি ও নৃবিজ্ঞান বিভাগের ১৪ তম ব্যাচের শিক্ষার্থী মো. রেজওয়ান কবির রিজভীকে সাধারণ সম্পাদক করে আগামী এক বছরের জন্য ফটোগ্রাফিক সোসাইটির নতুন কমিটি ঘোষণা করা হয়।

## 'বাঁধন' জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিটের নতুন কমিটি গঠন

স্বেচ্ছায় রক্তদাতাদের সংগঠন 'বাঁধন' জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ইউনিটের কার্যকরী কমিটি ২৫ ফেব্রুয়ারি গঠিত হয়। নতুন কমিটিতে আইন বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের এনামুল হক বিজয়কে সভাপতি ও গণিত বিভাগের একই শিক্ষাবর্ষের মোঃ মেহেদী হাসানকে সাধারণ সম্পাদক পদে নির্বাচিত করা হয়েছে।

## ডিবেটিং সোসাইটি নতুন মডারেটর

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. নিবেদতা রায়-কে ২২ মার্চ (২০২৪) হতে পরবর্তী দুই বছরের জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির মডারেটর হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

## পারিতোষিক, দায়িত্ব ভাতা ও বই ক্রয় ভাতা বৃদ্ধি

নবনিযুক্ত উপাচার্য এবং কোষাধ্যক্ষ দ্রুততম সময়ে ৯৩তম সিন্ডিকেট সভার আয়োজন করার পদক্ষেপ গ্রহণ করেন এবং উক্ত সিন্ডিকেট সভায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের পারিতোষিক ভাতা, দায়িত্ব ভাতা ও বই ক্রয় ভাতা বৃদ্ধি করেন। এই উপলক্ষে শিক্ষক সমিতি প্রশাসনকে ধন্যবাদ জ্ঞাপন করেন।



নবনিযুক্ত উপাচার্যকে শিক্ষক সমিতির পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ক্যাডেটের সর্বোচ্চ বিএনসিসি র‍্যাংক লাভ

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের সর্বোচ্চ র‍্যাংক সিইউও (ক্যাডেট আন্ডার অফিসার) অর্জন করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী কে এম যাবের নোমান।

# সেমিনার/অনুষ্ঠান/কর্মসূচি

## রোভার স্কাউট গ্রুপের ডে-ক্যাম্প অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউট, রোভার অঞ্চলের সুবর্ণ জয়ন্তী রোভার মুট উপলক্ষে গুণগত রোভারিং-এর মান উন্নয়নের লক্ষ্যে ২৬ জানুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রোভার স্কাউট গ্রুপের ডে-ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস দুই শতাধিক রোভার ও রোভার সহচরের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে এই ডে-ক্যাম্প ২০২৪ সম্পন্ন হয়।

## বার্ষিক শীতবস্ত্র বিতরণ কর্মসূচি ২০২৪

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের আয়োজনে ৫ ফেব্রুয়ারি 'বার্ষিক শীতবস্ত্র বিতরণ কর্মসূচি ২০২৪' এর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।

## বিএনসিসি ক্যাডেটদের পদোন্নতি, দায়িত্ব হস্তান্তর, পুরস্কার বিতরণী ও বিদায় অনুষ্ঠান

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি), জগন্নাথ বিশ্ববিদ্যালয় কন্টিনজেন্টের ক্যাডেটদের পদোন্নতি, দায়িত্ব হস্তান্তর, পুরস্কার বিতরণী ও বিদায় অনুষ্ঠান ৫ ফেব্রুয়ারি উপাচার্যের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।



বিএনসিসি-এর গার্ড অব অনার গ্রহণ করছেন উপাচার্য ও কোষাধ্যক্ষ

সকালে বিএনসিসি জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিটের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম-কে গার্ড অব অনার প্রদান করা হয়।

## পিঠা উৎসব ২০২৪ অনুষ্ঠিত

৬ ফেব্রুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আয়োজনে শিক্ষক লাউঞ্জে পিঠা উৎসব অনুষ্ঠিত হয়।



শিক্ষক সমিতির আয়োজনে অনুষ্ঠিত পিঠা উৎসবে উপাচার্য

## শীতকল্প ১৪৩০ অনুষ্ঠিত

বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংসদের উদ্যোগে ৬ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য চত্বরে 'বন্ধু, এখানে শুকনো পাতায় আগুন জ্বালো' প্রতিপাদ্যকে সামনে রেখে শীতকল্প ১৪৩০ অনুষ্ঠিত হয়।



শীতকল্প ১৪৩০ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন উপাচার্য

## ৫ম আবৃত্তি উৎসব ২০২৪ অনুষ্ঠিত

৭ ফেব্রুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে 'উচ্চারণে খুলি মগজের দুয়ার' স্লোগানকে সামনে রেখে ৫ম আবৃত্তি উৎসব উপলক্ষে আবৃত্তি প্রযোজনা, কবি সম্মাননা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।



আবৃত্তি সংসদের পক্ষে উপাচার্যকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়

## 'বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার আয়োজনে ১১ ফেব্রুয়ারি কেন্দ্রীয় মিলনায়তনে 'বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।



কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন উপাচার্য

# সাংস্কৃতিক সংবাদ

## ‘মুক্তিযুদ্ধ ও বিজয় গাঁথা’ শীর্ষক আর্ট ক্যাম্প এর উদ্বোধনী অনুষ্ঠান

মহান বিজয় দিবস উপলক্ষে ১৭ ডিসেম্বর চারুকলা বিভাগের আয়োজনে একাডেমিক ভবনের নিচতলায় ‘মুক্তিযুদ্ধ ও বিজয় গাঁথা’ শীর্ষক আর্ট ক্যাম্পের উদ্বোধন করেন উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন।



‘মুক্তিযুদ্ধ ও বিজয় গাথা’ শীর্ষক আর্ট ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য,কোষাধ্যক্ষ, শিক্ষক ও অংশগ্রহণকারীগণ

এছাড়াও অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম। অনুষ্ঠানটিতে স্বাগত বক্তব্য ও সঞ্চালনা করেন চারুকলা বিভাগের অধ্যাপক ড. বজলুর রশীদ খান।

## ‘গৌরবদীপ্ত বিজয়’ শীর্ষক মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন

নানা অনুষ্ঠানের মধ্যদিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ‘গৌরবদীপ্ত বিজয়’ শীর্ষক মহান বিজয় দিবস ২০২৩ অনুষ্ঠান উদ্‌যাপিত হয়। এ উপলক্ষে ১৯ ডিসেম্বর মুজিব মঞ্চে জাতীয় সংগীত পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। আলোচনা সভায় সভাপতির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।



‘গৌরবদীপ্ত বিজয়’ শীর্ষক মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন অনুষ্ঠানে মঞ্চে উপবিষ্ট রয়েছেন উপাচার্য, কোষাধ্যক্ষ, মুক্তিযুদ্ধ যাদুঘরের ট্রাস্টিসহ অন্যান্যরা

অনুষ্ঠানের প্রধান বক্তা ছিলেন মুক্তিযুদ্ধ যাদুঘরের প্রতিষ্ঠাতা ট্রাস্টি মফিদুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী।

আলোচনা সভার শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন কলা অনুষদের ডিন ও উক্ত অনুষ্ঠান আয়োজক কমিটির আহবায়ক অধ্যাপক ড. হোসনে আরা বেগম। এসময় আরো বক্তব্য প্রদান করেন বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ইব্রাহিম ফরাজী এবং সাধারণ সম্পাদক এস এম আকতার হোসাইন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ রফিকুল ইসলাম ও ভূগোল ও পরিবেশ বিভাগের সহযোগী অধ্যাপক ড. শবনম শারমিন লুনা।

আলোচনা সভা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে ছিলো নাট্যকলা বিভাগের অংশগ্রহনে নাটক মঞ্চায়ন ও নৃত্য পরিবেশনা এবং সংগীত বিভাগের অংশগ্রহনে অনুষ্ঠিত হয় সংগীতানুষ্ঠান। পরবর্তীতে আবৃত্তি সংসদ, সাংস্কৃতিক কেন্দ্র এবং উদীচী শিল্পীগোষ্ঠীর অংশগ্রহণে বিভিন্ন পরিবেশনা অনুষ্ঠিত হয়।

## যথাযোগ্য মর্যাদায় সরস্বতী পূজা উদ্‌যাপিত

ব্যাপক উৎসাহ, উদ্দীপনা ও আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে ১৪ ফেব্রুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সনাতন ধর্মাবলম্বী শিক্ষার্থীদের অন্যতম ধর্মীয় উৎসব সরস্বতী পূজা অনুষ্ঠিত হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় পূজা উদ্‌যাপন পরিষদের উদ্যোগে এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের সহযোগিতায় পূজার আয়োজন করা হয়।



সরস্বতী পূজা উপলক্ষে পূজা মণ্ডপ পরিদর্শন করছেন কোষাধ্যক্ষ

এবার ৩৩টি বিভাগ, ২টি ইনস্টিটিউট এবং বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল-সহ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মোট ৩৬টি পূজামণ্ডপে পূজা অনুষ্ঠিত হয়। সকালে বিদ্যাদেবী সরস্বতীর বন্দনায় ঢাকঢোল, কাঁসর, শঙ্খ ও উলুধ্বনিতে মুখর হয়ে ওঠে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। বাণী অর্চনা শেষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী পূজামণ্ডপ সমূহ পরিদর্শন করেন। উল্লেখ্য, এবার প্রথমবারের মতো ছাত্রী পুরোহিত হিসেবে ইংরেজি বিভাগের পূজা পরিচালনা করেন বিভাগের স্নাতকোত্তর শিক্ষার্থী সমাদৃতা ভৌমিক।

## ‘আমরা তোমাদের ভুলবো না’ শিরোনামে একুশের পংক্তিমালা শীর্ষক পরিবেশনা

‘মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪’ উপলক্ষে ২০ ফেব্রুয়ারি সন্ধ্যায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক সংগঠনসমূহের উপস্থাপনায় ভাষা শহিদ রফিক ভবন প্রাঙ্গণে ‘আমরা তোমাদের ভুলবো না’ শিরোনামে একুশের পংক্তিমালা শীর্ষক পরিবেশনা’ আবৃত্তি, গান, নাট্য প্রযোজনা ও প্রবন্ধ পাঠের আসর অনুষ্ঠিত হয়।




একুশের পংক্তিমালা শীর্ষক পরিবেশনার বিশেষ মুহূর্ত

এসময় প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী এবং কলা অনুষদের ডিন ও উক্ত অনুষ্ঠান উদ্‌যাপন কমিটির আহবায়ক অধ্যাপক ড. হোসনে আরা বেগম।

## ‘আমরা তোমাদের ভুলবো না’ শীর্ষক মহান ভাষা শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপন

নানা অনুষ্ঠানের মধ্যদিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ‘আমরা তোমাদের ভুলবো না’ শীর্ষক মহান ভাষা শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ অনুষ্ঠান উদ্‌যাপিত হয়।



অনুষ্ঠানে প্রধান আলোচক ড. কাজী খলীকুজ্জমান আহমদ

এ উপলক্ষে ২৯ ফেব্রুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে একাত্তরের গণহত্যা ও মুক্তিযুদ্ধের প্রস্তুতি ভাস্কর্য চত্বরে একুশে ফেব্রুয়ারির সংগীত (আমার ভাইয়ের রক্তে রাঙানো...) পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়।

অনুষ্ঠানের প্রধান আলোচক হিসেবে রাষ্ট্রীয় সম্মাননাপ্রাপ্ত অর্থনীতিবিদ ও উন্নয়ন-চিন্তক ড. কাজী খলীকুজ্জমান আহমদ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী।

আলোচনা সভার শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন কলা অনুষদের ডিন ও উক্ত অনুষ্ঠান আয়োজক কমিটির আহবায়ক অধ্যাপক ড. হোসনে আরা বেগম। এসময় আরো বক্তব্য প্রদান করেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ জাকির হোসেন, সাধারণ সম্পাদক ড. শেখ মাশরিক হাসান, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি এবং সাধারণ সম্পাদক।

আলোচনা সভা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে ছিলো নৃত্য পরিবেশনা এবং সংগীত বিভাগের অংশগ্রহণে সংগীতানুষ্ঠান। পরবর্তীতে সঙ্গীত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্র, উদীচী শিল্পীগোষ্ঠী, আবৃত্তি সংসদ ও আদিবাসী শিল্পীদের অংশগ্রহণে বিভিন্ন পরিবেশনা অনুষ্ঠিত হয়।

এছাড়াও মহান একুশে ফেব্রুয়ারি উদ্‌যাপন কমিটির আয়োজনে অনুষ্ঠিত চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন

আন্তর্জাতিক নারী দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে ১১ মার্চ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে একাত্তরের গণহত্যা ও মুক্তিযুদ্ধের প্রস্তুতির ভাস্কর্য চত্বরে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। নৃত্যবিন্যাসের মাধ্যমে চারজন মহিয়সী নারী-কে স্মরণের মধ্যদিয়ে আলোচনা শুরু হয়। বরেণ্য অর্থনীতিবিদ ড. সেলিম জাহান মুখ্য আলোচক হিসেবে বক্তব্য প্রদান করেন।



অনুষ্ঠানে অতিথি ও আলোচকবৃন্দ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী। এছাড়াও বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ জাকির হোসেন ও সাধারণ সম্পাদক ড. শেখ মাশরিক হাসান।

বিশেষ অতিথি হিসেবে ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী। আলোচনার শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন উক্ত অনুষ্ঠান উদ্‌যাপন কমিটির যুগ্ম আহবায়ক ও সংগীত বিভাগের চেয়ারম্যান ড.ঝুমুর আহমেদ এবং শেষে ধন্যবাদ জ্ঞাপন করেন অনুষ্ঠানের আহবায়ক ও সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সাবিনা শরমীন। পরবর্তীতে সংগীত বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

## ‘একাত্তরের গণহত্যা: ইতিহাসের দায় ও আমাদের দায়িত্ব’ শীর্ষক সেমিনার

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আয়োজনে ২৫ মার্চ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে ১৯৭১ সালের ২৫ মার্চ কালরাত্রিতে গণহত্যার শিকার শহিদদের স্মরণ এবং এই গণহত্যার স্বীকৃতি আদায়ের লক্ষ্যে ‘একাত্তরের গণহত্যা: ইতিহাসের দায় ও আমাদের দায়িত্ব’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন বিশিষ্ট আইনজীবী অ্যাডভোকেট তারানা হালিম, এমপি।



সেমিনারে প্রধান অতিথি এবং উপাচার্য

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো: জাকির হোসেনের সভাপতিত্বে সেমিনারে সম্মানিত অতিথি হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম এবং বিশেষ অতিথি হিসেবে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী উপস্থিত ছিলেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোঃ আবুল কাশেম। মুখ্য আলোচক হিসেবে ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আব্দুস সামাদ।

সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. শেখ মাশরিক হাসান।

## ২৫ মার্চ কালরাত্রি ও গণহত্যা দিবস স্মরণে প্রদীপ প্রজ্জ্বলন ও স্ক্রল পেইন্টিং

২৫ মার্চ কালরাত্রি ও গণহত্যা দিবস উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনার চত্বরে মোমবাতি প্রজ্জ্বলন করা হয়। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস এক মিনিটের জন্য অন্ধকারাচ্ছন্ন রাখা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী এর নেতৃত্বে মোমবাতি প্রজ্জ্বলন করা হয়।



কালরাত্রি ও গণহত্যা দিবস স্মরণে প্রদীপ প্রজ্জ্বলন ও স্ক্রল পেইন্টিং

এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনার চত্বরে চারুকলা অনুষদের শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে বিশালাকৃতির স্ক্রল পেইন্টিং উদ্বোধন করেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম।

এসময় বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ডিন অধ্যাপক মোহাঃ আলপ্তগীন, চারুকলা অনুষদভুক্ত তিন বিভাগের (ড্রইং ও পেইন্টিং বিভাগ, প্রিন্ট মেকিং বিভাগ এবং ভাস্কর্য বিভাগ) চেয়ারম্যানবৃন্দ, প্রক্টর, বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## বৈশাখী চারু শিল্পমেলা ১৪৩১

চারুকলা অনুষদের আয়োজনে ২৭ মার্চ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের নীচতলায় ‘বৈশাখী চারু শিল্পমেলা ১৪৩১’ অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম শিল্পমেলার উদ্বোধন করেন।



বৈশাখী চারু শিল্পমেলার উদ্বোধন করেন উপাচার্য

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক মোঃ আলপ্তগীন এবং রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলামসহ অন্যান্য শিক্ষক-শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

উল্লেখ্য সকলের ঘরে ঘরে স্বল্পমূল্যে চারু শিল্প পৌঁছে দেওয়ার উদ্দেশ্যেই জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো চারু শিল্পমেলা আয়োজন করা হয়। আয়োজিত এই মেলায় চারুকলা অনুষদের শিক্ষক-শিক্ষার্থীদের আঁকা ছবি, সরাচিত্র, মুখোশ, টেপাপুতুল এবং অন্যান্য শিল্পকর্ম স্থান পায়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ত্রৈমাসিক বার্তা সম্পাদনা পর্ষদ: আহবায়ক: অধ্যাপক মোহাঃ আলপ্তগীন, ডিন, চারুকলা অনুষদ, সদস্যবৃন্দ: অধ্যাপক ড. পারভীন আক্তার জেমী, বাংলা বিভাগ, জনাব মোঃ তানভীর আহসান, সহযোগী অধ্যাপক, ইংরেজি বিভাগ ও পরিচালক (পিআরআইপি), ড. আশেক মাহমুদ, সহযোগী অধ্যাপক, সমাজবিজ্ঞান বিভাগ, ড. মো. মহসীন রেজা, সহযোগী অধ্যাপক, সমাজকর্ম বিভাগ ও পরিচালক (অর্থ ও হিসাব) এবং সদস্য সচিব: মোহাম্মদ ফিরোজ আলম, উপ-পরিচালক (পিআরআইপি)। প্রকাশক: জনসংযোগ, তথ্য ও প্রকাশনা (পিআরআইপি) দপ্তর।